

**প্রেস রিলিজ**  
ঢাকা, ২২ এপ্রিল ২০২০

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় দেশের দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদফতর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি ও সম্মানিত সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী'র নির্দেশনায় সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম এর নেতৃত্বে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তায় দুস্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তি, পথশিশু, কর্মহীন শ্রমিক পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে।

প্রতিটি পরিবারকে ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেয়াজ, আধালিটার সয়াবিন তেল ও একটি সাবান প্রদান করা হচ্ছে। এ কার্যক্রম জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়সমূহের মাধ্যমে দেশব্যাপী সম্প্রসারণ করা হয়েছে। সমাজসেবা অধিদফতর, জাতীয় সমাজকল্যাণ পরিষদ, সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা-কর্মচারী ও স্বেচ্ছাসেবী সংস্থার অনুদানের সমন্বয়ে খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

গত ২৭ মার্চ হতে ২১ এপ্রিল পর্যন্ত সমাজসেবা অধিদফতরের মাঠপর্যায়ের কার্যালয়সমূহ ও সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়ের মাধ্যমে ঢাকা শহরে ৭৫৬০টি সহ সারাদেশে সর্বমোট ৭৮,০৭৮টি পরিবারকে খাদ্যসহায়তা প্রদান করা হয়।

আজ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১৪ নং ওয়ার্ডভুক্ত হাজারীবাগ, রায়েরবাজার, বৌবাজার এলাকায় নিম্ন আয়ের শ্রমজীবী-কর্মহীন ৩০০টি পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম তত্ত্বাবধান করেন জনাব মোঃ ফিরাদুল হক, সহকারী পরিচালক (গুদাম ও যানবাহন), জনাব মোঃ জহির উদ্দিন, সমাজসেবা অফিসার, ইউসিডি-৫, জনাব এস এম কামরুল এহসান, সমাজসেবা অফিসার, জনাব মোঃ নূরুল আমিন খান, লিয়াজৌ অফিসার, জনাব এ এইচ এম কাওসার হামিদ, প্রশাসনিক কর্মকর্তা ও জনাব মোঃ আবু সাঈদ, সাংগঠনিক সম্পাদক, ইউসিডি-৫ সমন্বয় পরিষদ।

মোঃ সাজ্জাদুল ইসলাম  
উপপরিচালক

বার্তা সম্পাদক/এসস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ  
সমাজসেবা অধিদফতর

.....  
.....

ই-মেইল: [dd.pub@dss.gov.bd](mailto:dd.pub@dss.gov.bd)  
[rangasazzad@gmail.com](mailto:rangasazzad@gmail.com)